

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
রেডিক্সেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭/৩/এ, ইক্সট্রন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০

[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক নং ৪৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৯.১৭-৪৬২ (ক)

তারিখ: ২৮.০৬.২০১৮ খ্রি:

বিষয়ঃ যশোর জেলার শর্শা থানাধীন গোগা কালিয়ানী আলিম মাদরাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর ঢাকা-এর প্রতিনিধি মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

সূত্র (১) অধ্যক্ষ, গোগা কালিয়ানী আলিম মাদরাসা এর আবেদন

তারিখ: ১৯.০২.২০১৮ খ্রি:

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪

তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি:

(৩) অধ্যক্ষ, গোগা কালিয়ানী আলিম মাদরাসা এর আবেদন

তারিখ: ২১.০৫.২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোছ ১ নং স্মারক মূলে উপস্থিতি মাদরাসার অধ্যক্ষ (ভারপ্রাণ) এর আবেদনের প্রেক্ষিতে সূত্রোছ (২) নং স্মারকের মাধ্যমে মাদরাসা শিক্ষা অধিদপ্তরের উপর অর্পিত ক্ষমতা বলে “অধ্যক্ষ” পদে নিয়োগের লক্ষ্যে ড. মোহাম্মদ ছরওয়ার আলম, পরিচালক (প্রশাসন ও অর্থ) কে উক্ত মাদরাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালনের নিমিত্ত মনোনয়ন প্রদান করা হয়।

০২. সেমতে মহাপরিচালকের মনোনীত প্রতিনিধি ড. মোহাম্মদ ছরওয়ার আলম, পরিচালক (প্রশাসন ও অর্থ) সহ নিয়োগ বোর্ডের অন্যান্য সদস্যের উপস্থিতিতে পূর্ব নির্ধারিত তারিখ ও স্থানে নিয়োগের নিমিত্ত নিয়োগ কার্যক্রম শুরু করা হয়। প্রার্থীগণের কাগজ-পত্র নিয়োগ বোর্ড কর্তৃক যাচাই-বাছাই কালে স্বল্প সংখ্যক প্রার্থী পাওয়া যায় তথা নিয়োগ কার্যক্রম স্থচ্ছ, অবাধ ও প্রতিযোগিতা মূলক হওয়ার মতো প্রার্থী সংখ্যা ছিল না। অবশেষে নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হয়। কিন্তু মূল্যায়নে যোগ্য প্রার্থী না পাওয়ায় নিয়োগ বোর্ডের সকল সদস্যের সর্বসমত সিদ্ধান্তের আলোকে উক্ত নিয়োগ কার্যক্রম বাতিলক্রমে পুনরায় নিয়োগ কার্যক্রম গ্রহণের জন্য ভারপ্রাণ অধ্যক্ষ/ সদস্য সচিব-কে দায়িত্ব দেয়া হয়।

০৩. পরবর্তীতে নিয়োগ কমিটির সিদ্ধান্ত মোতাবেক অধ্যক্ষ (ভারপ্রাণ) / সদস্য সচিব কর্তৃক ২য় বারের মতো নিয়োগ কার্যক্রম গ্রহণ করা হলে পুনরায় নিয়োগ বোর্ড অনুষ্ঠিত হয়। কিন্তু উপরিউক্ত একই কারণে (স্বল্প সংখ্যক প্রার্থীর আবেদন ও উপস্থিতি এবং যোগ্য প্রার্থী না থাকা) ২য় বারের মতো নিয়োগ বোর্ড বাতিল করা হয়।

০৪. উপরিউক্ত কারণে ২য় বারের মতো নিয়োগ বোর্ড বাতিল হলে “নিয়োগ কার্যক্রম সুষ্ঠু ও প্রতিষ্ঠান্বিতামূলক করার লক্ষ্যে পরবর্তীতে ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা তথা বহুল প্রচারিত পত্রিকায় বিজ্ঞাপন প্রদানপূর্বক এ অধিদপ্তরকে অবহিত করতে হবে” মর্মে ডিজি'র প্রতিনিধি ড. মোহাম্মদ ছরওয়ার আলম (পরিচালক প্রশাসন ও অর্থ) কর্তৃক নির্দেশনা দেয়া হয়। কিন্তু নিয়োগের নিমিত্ত বিজ্ঞাপন প্রকাশের পর এ অধিদপ্তরকে অবহিত করা হয়নি।

০৫. ইতোমধ্যে অধ্যক্ষ পদে পুনরায় ডিজি'র প্রতিনিধি প্রাপ্তির নিমিত্তি এ অধিদপ্তরে ৩য় বারের জন্য দাখিলকৃত সূত্রোছ ৩ নং স্মারকে প্রাপ্ত আবেদনের সাথে সংযুক্ত প্রার্থী তালিকায় দেখা যায় যে, মাত্র ৫ (পাঁচ) জন প্রার্থী উক্ত অধ্যক্ষ পদের জন্য আবেদন করেছেন। ফলে ১ম ও ২য় বারে উচ্চত কারণেই ৩য় বারও নিয়োগ বোর্ড বাতিল হওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে মর্মে অনুমিত হচ্ছে। নিয়োগ বোর্ড বার বার বাতিল হওয়ায় একদিকে সংশ্লিষ্ট সকলের সময় ও অর্থ অপচয় হচ্ছে অন্য দিকে প্রতিষ্ঠানের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম বিস্তৃত হচ্ছে।

০৬. অধিকন্তু; ডিজি'র প্রতিনিধি ড. মোহাম্মদ ছরওয়ার আলম এর নির্দেশনা অনুসরণ না করায় এটাই প্রতীয়মান হয় যে, অধ্যক্ষ (ভারপ্রাণ) / সদস্য সচিব বিষয়টি গুরুত্ব দেননি যা একদিকে তাঁর অদক্ষতা, দায়িত্বে অবহেলা অন্য দিকে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অবমাননার শামিল যা বিধি মোতাবেক অসদাচরণ মর্মে প্রতীয়মান হয়।

০৭. এমতাবস্থায় অদক্ষতা, দায়িত্বে অবহেলা ও উর্ধ্বেতন কর্তৃপক্ষের নির্দেশনা অবমাননার কারণে মহোদয়ের বিবরে কেন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না - এর জবাবসহ একটি প্রতিবেদন আগামী ০৮.০৭.২০১৮ খ্রি: তারিখের এ অধিদপ্তরে প্রেরণ নিশ্চিতকরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ব্যর্থতায় এমপিও বন্ধসহ প্রয়োজনীয় আইনানুসূ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৮.০৬.১৮  
মো: আফাজ উদ্দীন

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং- ৯৬৪৫৮৮০৮১০৩০১৬৭

ই-মেইল- [dgdmeb@gmail.com](mailto:dgdmeb@gmail.com)

অধ্যক্ষ (ভারপ্রাণ)

গোগা কালিয়ানী আলিম মাদরাসা, শার্শা, যশোর।

অনুলিপি:

১. সচিব, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, খুলনা অঞ্চল।

৩. জেলা শিক্ষা অফিসার, যশোর।

৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শার্শা, যশোর।

৫. অফিস কপি